



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমষ্টি অনুবিভাগ
প্রশাসন-১ অধিশাখা



অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির
ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: সাইদুর রহমান
অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমষ্টি)
তারিখ ও সময় : ২৬ ডিসেম্বর, ২০২১ খ্রি; সকাল ১১.০০ টা
স্থান : অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমষ্টি) মহোদয়ের অফিসকক্ষ
(কক্ষ নং ১৬০৩, ১৬তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো:

- (১) ড. নাহিমা আকতার, যুগ্মসচিব (প্রশাসন), অর্থ বিভাগ।
- (২) জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ, উপসচিব (সাম-পূর্বাভাস), অর্থ বিভাগ।
- (৩) জনাব শাববীর আহমদ, উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য সচিব, অর্থ বিভাগ।
- (৪) জনাব মো: আব্দুস সালাম শাহ, সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টার গত ১২/১২/২০২১ খ্রি: তারিখে হালনাগাদ করা হয়েছে। এটি প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করার জন্য বলেন। সভাপতি আলোচনার জন্য উপস্থিত সদস্যদেরকে অনুরোধ জানালে ড. নাহিমা আকতার, যুগ্মসচিব (প্রশাসন) অভিমত ব্যক্ত করেন যে, অর্থ বিভাগের সিটিজেন চার্টারে নাগরিক সেবা হিসেবে কোন সেবা অন্তর্ভুক্ত করা নেই। দাপ্তরিক সেবার মধ্যে অন্তর্ভুক্ত ঋণ কোষের সেবাকে নাগরিক সেবা হিসেবে অন্তর্ভুক্ত করাসহ আর কি কি সেবাকে নাগরিক সেবার মধ্যে অন্তর্ভুক্ত করা যায় সেগুলো বিবেচনার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আলোচনা প্রয়োজন। সভাপতি হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ের সিটিজেন চার্টারটি অদ্যাবধি হালনাগাদ না করার বিষয় উল্লেখপূর্বক অর্থ বিভাগের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটিতে সিজিএ কার্যালয়ের কোন সদস্যকে প্রতিনিধি হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে জানতে চান।

৩। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব শাববীর আহমদ অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। উপস্থাপিত ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকৃত (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) সিটিজেন চার্টারটি পরীক্ষা নিরীক্ষা করা হয়।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ৪.১। মন্ত্রিপরিষদ বিভাগ ও অর্থ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সাথে আলোচনা করে অর্থ বিভাগের সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত দাপ্তরিক সেবাসমূহের মধ্যে থেকে ঋণ কোষের সেবাসমূহসহ আর কি কি সেবাসমূহ নাগরিক সেবার মধ্যে অন্তর্ভুক্ত করা যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। (বাস্তবায়নে-যুগ্মসচিব, প্রশাসন ও উপসচিব, প্রশাসন-৪)।
- ৪.২। হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) এর কার্যালয়ের বিদ্যমান সিটিজেন চার্টারটি অদ্যাবধি হালনাগাদ করা হয়নি। উক্ত কার্যালয়ের সিটিজেন চার্টারটি দ্রুত হালনাগাদ করার জন্য প্রশাসন-২ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-২)।
- ৪.৩। প্রতি তিন মাস অন্তর হালনাগাদকৃত সিটিজেন চার্টার এবং পরিবীক্ষণ কমিটির কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। (বাস্তবায়নে-সহকারী সচিব, প্রশাসন-১)।
- ৪.৪। অর্থ বিভাগের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটিতে অধীনস্ত দপ্তরের (সিজিএ কার্যালয়) কোন প্রতিনিধিকে সদস্য হিসেবে নেয়ার সুযোগ থাকলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বা না থাকলেও সভায় যাতে একজন প্রতিনিধি উপস্থিত থাকেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা; (বাস্তবায়নে-উপসচিব, বাজেট ও পরিকল্পনা এবং উপসচিব, প্রশাসন-১)।
- ৪.৫। সেবা প্রদানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা পদোন্নতি পেলে বা অন্যত্র বদলি হলে পদোন্নতিপ্রাপ্ত পদবী বা নতুন কর্মকর্তার নাম অতিদ্রুত ওয়েবসাইটে আপলোড করতে হবে। (বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-৩, ও সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ)।
- ৪.৬। সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটিকে পুনর্গঠণ করে প্রশাসন-২ অধিশাখার উপসচিব/সিনিয়র সহকারী সচিবকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১১/১২/২০২১
(মো: সাইফুল রহমান)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ : ২৯/১২/২০২১ খ্রি:

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৭.২০. ৩৬৭)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দ্রঃ আ: উপসচিব/সিনিয়র সহকারী সচিব, সুশাসন শাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
- ২। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা/বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা, অর্থ বিভাগ।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৪। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।
(সেবাগ্রহীতাদের অবহিতকরণের জন্য অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।


১১/১২/২০২১
(শাব্বীর আহমেদ)

উপসচিব (প্রশাসন-৮)

ফোন : ২২৩৩৫৫০৩৭